কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা, ঢাকা
মনিটরিং বিভাগ
ওয়েবসাইট: www.badc.gov.bd

স্মারক নং: ১২.০৬.০০০০.২২১.০৬.০০৪.২৫.৩২৮ তারিখঃ১৫এপ্রিল, ২০২৬

বিষয়ঃ ৩০ মার্চ, ২০২৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত দপ্তর/সংস্থার সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৩ অধিশাখার স্মারক নং- ১২.০০.০০০০.০০০.০২১.০৬.০১৩১.২৫.১৩৪; তারিখ: ১৩.০৪.২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৩০ মার্চ, ২০২৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সম্পর্কিত স্ব-স্ব বিভাগের আওতাধীন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন **আগামী ১৬ এপ্রিল, ২০২৬ তারিখ বেলা ১২.০০ মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।**

১৫.৪.২৬

মো. আ. ছাত্তার গাজী
প্রধান (মনিটরিং), বিএডিসি
ফোন: ০২-২২৩৩৮০৯৪৯

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বিএডিসি, ঢাকা।

২. ..............................................................................................বিএডিসি।
(সকল বিভাগীয় প্রধান)

৩. ..............................................................................................বিএডিসি।
(সকল প্রকল্প/কার্যক্রম পরিচালক)

৪. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা।

সদয় অবগতির জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ/ সার ব্যবস্থাপনা/ বীজ ও উদ্যান/ অর্থ), বিএডিসি, ঢাকা।

২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ পৃষ্ঠা ।

**কৃষি মন্ত্রণালয়ে ৩০ মার্চ, ২০২৬ মাসের সমন্বয় সভায় গৃহীত বিএডিসি-সম্পৃক্ত সিদ্ধান্তসমূহ:**

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | শূন্যপদে জনবল নিয়োগ ও পদোন্নতি | ক. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদে নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে স্ব স্ব দপ্তর/সংস্থার প্রশাসনিক অনুবিভাগের অতিরিক্ত সচিবগণ দপ্তর/সংস্থার গৃহীত কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন।<br>খ. ভূতাপেক্ষ পদ সংরক্ষণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ পরিহার করতে হবে। অর্থবছরের শুরুতেই পদ সংরক্ষণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মপরিচালক (নিওক), বিএডিসি। |
| ২. | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ ও ২০২৫ এর সিদ্ধান্ত বাস্তবায়ন | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ ও ২০২৫ এর স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসে প্রেরণ করতে হবে। | প্রধান (মনিটরিং), মহাব্যবস্থাপক (বীজ)/ সার, প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), প্রধান (পরিকল্পনা), বিএডিসি। |
| ৩. | ডি-নথি কার্যক্রম | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার দাপ্তরিক কার্যক্রমের নূন্যতম ৮৫% ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। | কম্পিউটার প্রোগ্রামার আইসিটি সেল, বিএডিসি। |
| ৫. | ওয়েবসাইট হালনাগাদকরণ | ক) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটের তথ্য হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে।<br>খ) দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবিত নতুন জাত, প্রযুক্তি এবং বর্তমান সরকারের উল্লেখযোগ্য কার্যক্রমের ভিডিও ক্লিপিং প্রচারের নিমিত্ত কৃষি তথ্য সার্ভিসে প্রেরণ করতে হবে। | ক) কম্পিউটার প্রোগ্রামার আইসিটি সেল, বিএডিসি।<br>খ) মহাব্যবস্থাপক (বীজ/ সার), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি। |
| ৭. | নতুন অর্গানোগ্রাম প্রস্তুতকরণ | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়ার সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করতে হবে। | যুগ্মপরিচালক (সওব্য), বিএডিসি। |
| ৯. | গবেষণার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি | ক) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন ধরনের উচ্চ ফলনশীল হাইব্রিড জাত ও প্রযুক্তি ব্যবহার করে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বেসরকারি খাতের সাথে সংযোগ তৈরি করতে হবে।<br>খ) ব্রি, বারি ও বিনা কর্তৃক উদ্ভাবিত জাতগুলোর আপগ্রেডের কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া গবেষণার মাধ্যমে উন্নত বৈশিষ্ট্যসম্পন্ন জাত উদ্ভাবনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (বীজ), প্রধান সমন্বয়কারী (গবেষণা সেল), বিএডিসি। |
| ১১. | পেনশন সংক্রান্ত | সরকারি কর্মকর্তা/কর্মচারিদের অবসর সুবিধা প্রদানের আবেদন অবসরে যাওয়ার ০৩ মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। অডিট আপত্তির কারণে কোনো পেনশন কার্যক্রম ৬ মাস বা তার অধিক সময় অনিষ্পন্ন থাকলে তার তথ্য দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করবেন। | হিসাব নিয়ন্ত্রক, মহাব্যবস্থাপক (বীজ/ সার ব্যবস্থাপনা/ অর্থ), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), যুগ্মপরিচালক (সংস্থাপন), বিএডিসি। |
| ১২. | অডিট আপত্তি নিষ্পত্তি | অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য মন্ত্রণালয় কর্তৃক ত্রিপক্ষীয় সভা এবং দপ্তর/সংস্থা কর্তৃক দ্বিপক্ষীয় সভার সংখ্যা বৃদ্ধি করে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে। | নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি। |

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩. | জমিজমা ও মামলা সংক্রান্ত | ১. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার বেদখলকৃত জমি উদ্ধারের বিষয়ে গৃহীত ব্যবস্থার সর্বশেষ অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের আইন অধিশাখায় প্রেরণ করতে হবে। | (১) যুগ্মপরিচালক (সা.প.), বিএডিসি। **(কৃষি মন্ত্রণালয়ের আইন অধিশাখায় প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)** |
| | | ২. প্রত্যেক দপ্তর/সংস্থার স্ব স্ব মালিকানাধীন জমির রেকর্ড হালনাগাদ রাখতে হবে। দপ্তর/সংস্থার মালিকানাধীন জমিতে বাউন্ডারি দেয়াল/কাটাতাঁরের বেড়া নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (২) মহাব্যবস্থাপক (বীজ/ সার /উদ্যান/পাটবীজ/ এএসসি), প্রধান প্রকৌশলী (নির্মাণ/ ক্ষুদ্রসেচ/সওকা), যুগ্মপরিচালক (সা.প.), বিএডিসি। |
| | | ৩. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার মামলার হালনাগাদ প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে আইন শাখায় প্রেরণ করতে হবে। | উপপরিচালক (আইন), বিএডিসি। **(কৃষি মন্ত্রণালয়ের আইন শাখায় প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)** |
| | | ৪. মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার সর্বশেষ অবস্থা সম্পর্কে হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে। | উপপরিচালক (আইন), বিএডিসি। |
| ১৪. | GPMS বিষয়ক কার্যক্রম | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বর্তমানে সরকার সংস্কার ও জনসেবাকে অগ্রাধিকার বিবেচনায় সরকারি কার্যক্রমকে অধিক দক্ষ, জবাবদিহিমূলক, জনকল্যাণমুখী, কার্যকর ও গতিশীল করার জন্য এপিএ এর পরিবর্তে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS) বিষয়ক কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রধান (পরিকল্পনা), বিএডিসি। |
| ১৫. | সার ও বীজ কৃষকদের মাঝে বিতরণ | ১. বিভিন্ন ধরনের সার ও বীজ ন্যায্য দামে কৃষকদের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সার নিয়ে কোনো কৃত্রিম সংকট, অনিয়ম বা বেশি দামে বিক্রির অভিযোগ পাওয়া গেলে ডিলারের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে। | মহাব্যবস্থাপক (বীজ/সার), বিএডিসি। |
| | | ২. বিভিন্ন প্রকারের সারের নাম, পরিমাণ ও মূল্য (ভর্তুকি বাদে প্রকৃত মূল্য ও কৃষক পর্যায়ে বিক্রয় মূল্য) বস্তা/প্যাকেটের গায়ে সুস্পষ্টভাবে লেখা থাকতে হবে। | মহাব্যবস্থাপক (সার), বিএডিসি। |
| ১৬. | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম | 'তথ্য অধিকার আইন-২০০৯' অনুযায়ী তথ্য সরবরাহ ও তথ্য অধিকার বিষয়ক মাসিক প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (তদন্ত), বিএডিসি। **(কৃষি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।** |
| ১৭. | প্রকল্প/কর্মসূচি ও মাঠ পরিদর্শন | দপ্তর/সংস্থার পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত গুরুত্বপূর্ণ মতামত/ সুপারিশসমূহ সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান (মনিটরিং), বিএডিসি। |
| ১৮. | প্রকল্পের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ | প্রকল্প পরিচালকদের নিয়ে দপ্তর/সংস্থার প্রধানগণ প্রতি মাসে পর্যালোচনা সভা করে তার কার্যবিবরণী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| ১৯. | বৃক্ষরোপণ কার্যক্রম | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক খালি জায়গায় ৫০ লক্ষ চারা রোপন করতে হবে। এছাড়া চলতি বছরে কোন প্রজাতির, কী পরিমাণ চারা, কোথায় লাগানো যাবে তার কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান (পরিকল্পনা)/ মহাব্যবস্থাপক (উদ্যান), বিএডিসি। **(কৃষি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণপূর্বক মনিটরিং বিভাগে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)** |

| ক্র. নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২০. | নিয়মিত উপস্থিতি | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণকে সকাল ৯.০০ টার মধ্যে অফিসে উপস্থিত হওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সচিব, বিএডিসি, সকল বিভাগীয় প্রধান, সকল প্রকল্প/কার্যক্রম পরিচালক, বিএডিসি |

১৫.০৪-২০২৫

(মোঃ রাসেদুল হাসান)
উপপ্রধান-২
মনিটরিং বিভাগ
বিএডিসি, ঢাকা।

E:\Co-ordination Meeting\Moa\Endorsement letter.doc